# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

Any Information For S.S.C Reg. Log on www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বরঃ বিনি/ছাড়-০৫/২০২০ তারিখঃ ২২/০৩/২০

বিষয় ঃ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১০ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে ভর্তির অনুমতি প্রদান প্রসঙ্গে।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১০ম শ্রেণিতে অধ্যয়নরত নিম্নেবর্ণিত (১০) জন শিক্ষার্থীদের আবেদন ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষকগণের সুপারিশের প্রেক্ষিতে ছাড়পত্রের মাধ্যমে ভর্তির জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো। এ পত্র ইস্যুর ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে পূর্ববর্তী প্রতিষ্ঠান হতে ছাড়পত্র ও মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংগ্রহ করে বদলিকৃত প্রতিষ্ঠানে শিক্ষার্থীর ভর্তি সম্পর্কিত যাবতীয় কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হ'ল।

| ক্রমিক নং | শিক্ষার্থীদের নাম | জেএসসি/জেডিসি রেজি সাল ও বোর্ড | বর্তমানে অধ্যয়নরত প্রতিষ্ঠানের নাম ও বিদ্যালয় কোড | ভর্তিচ্ছুক বিদ্যালয়ের নাম ও বিদ্যালয় কোড নম্বর |
|---|---|---|---|---|
| ২৮৪. | শামস মোঃ মাশরাফি | রেজি:১৮১২৮০৬৮২২/২০১৮ রাজশাহী শিক্ষা বোর্ড | বগুড়া জিলা স্কুল বগুড়া সদর, বগুড়া কোড-৪২৫০ | সুলতানগঞ্জ উচ্চ বিদ্যালয় বগুড়া সদর, বগুড়া কোড-৪২৫৬ |
| ২৮৫. | মোছাঃ মাহমুদা আকতার সিনথীয়া | রেজি:১৮১২৮১০৮৮৭/২০১৮ রাজশাহী শিক্ষা বোর্ড | পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ বগুড়া সদর, বগুড়া কোড-৪২৭৪ | ভান্ডারী বালিকা উচ্চ বিদ্যালয় বগুড়া সদর, বগুড়া, কোড-৪২৭০ |
| ২৮৬. | অনন্যা রায় তমা | রেজি:১৮১২৮১০৯০২/২০১৮ রাজশাহী শিক্ষা বোর্ড | পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ বগুড়া সদর, বগুড়া কোড-৪২৭৪ | বগুড়া সিটি বালিকা উচ্চ বিদ্যালয় বগুড়া সদর, বগুড়া কোড-৪২৭১ |
| ২৮৭. | প্রিংকা রানী | রেজি:১৮১২৮১০৯০৪/২০১৮ রাজশাহী শিক্ষা বোর্ড | পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ বগুড়া সদর, বগুড়া কোড-৪২৭৪ | বগুড়া সিটি বালিকা উচ্চ বিদ্যালয় বগুড়া সদর, বগুড়া কোড-৪২৭১ |
| ২৮৮. | আয়েশা সিদ্দীকা জুঁই | রেজি:১৮১২৬০১০২২/২০১৮ রাজশাহী শিক্ষা বোর্ড | শহীদ নজমুল হক উচ্চ বালিকা বিদ্যালয় বোয়ালিয়া, রাজশাহী,কোড-১০২৫ | হাউজিং এষ্টেট বালিকা উচ্চ বিদ্যালয় বোয়ালিয়া, রাজশাহী, কোড-১০৩৪ |
| ২৮৯. | মোঃ নাদিম মাহমুদ রাকিব | রেজি:১৮১২৬৩৩২৮৮/২০১৮ রাজশাহী শিক্ষা বোর্ড | চারঘাট পাইলট উচ্চ বিদ্যালয় চারঘাট, রাজশাহী কোড-১১৫০ | বদলগাছী সরকারী মডেল পাইলট হাই স্কুল বদলগাছি, নওগাঁ কোড-২৮০০ |
| ২৯০. | মোঃ রোকনুজামান মাহী | রেজি:১৮১২৮৪৬২৮৩/২০১৮ রাজশাহী শিক্ষা বোর্ড | বগুড়া পৌর উচ্চ বিদ্যালয় বগুড়া সদর, বগুড়া কোড-৪২৫৩ | আদমদিঘী ইশ্বর পূর্ন জয় পাইলট উচ্চ বিদ্যালয় আদমদিঘী, বগুড়া কোড-৪৪০০ |
| ২৯১. | মোঃ মাহি হোসেন | রেজি:১৮১২৮১১৫৪৪/২০১৮ রাজশাহী শিক্ষা বোর্ড | আমর্ড পুলিশ ব্যাটালিয়ন পাবলিক স্কুল ও কলেজ বগুড়া সদর,বগুড়া, কোড-৪২৮৯ | ডি জে সরকারি উচ্চ বিদ্যালয় চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা কোড-৫৫০০ |
| ২৯২. | সুজন আহমেদ | রেজি:১৮১২৮২২৪৭০/২০১৮ রাজশাহী শিক্ষা বোর্ড | সামিট স্কুল এন্ড কলেজ শেরপুর, বগুড়া, কোড-৪৬৮৩ | দড়িগাছা ইসলামিয়া উচ্চ বিদ্যালয় শাজাহানপুর, বগুড়া কোড-৪৩১৭ |
| ২৯৩. | লতিফা আক্তার লিজা | রেজি:১৮১২৮১১৩১৯/২০১৮ রাজশাহী শিক্ষা বোর্ড | আমর্ড পুলিশ ব্যাটালিয়ন পাবলিক স্কুল ও কলেজ বগুড়া সদর,বগুড়া, কোড-৪২৮৯ | নিশিন্দারা ফকির উদ্দিন স্কুল ও কলেজ বগুড়া সদর, বগুড়া, কোড-৪২৯০ |

২২/৩/২০২০

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

২২/০৩/২০

স্মারক নং.................................................. তারিখ..........................

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল।

১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান)..............................
৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd/ রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

## বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর: বিনি/১৪/২০২০-২০২১

তারিখ: ১৯/০৩/২০২০

**বিষয় ঃ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত ২০২২ সালে এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নিবন্ধনের লক্ষ্যে তাদের নামের তালিকা ও সোনালী সেবার মাধ্যমে ফিস জমাদান প্রসঙ্গে।**

রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতি প্রাপ্ত/স্বীকৃতি প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয় এবং স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণকে জানানো যাচ্ছে যে,২০২০-২০২১ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত ২০২২ সালে এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণকারী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার **শিক্ষার্থীদের** জন্য ২১৫/- টাকা **সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী, হিসাব নম্বর SND ৩৬০০০০৬৮** বরাবর শুধুমাত্র সোনালী ব্যাংক লিমিটেড, গ্রেটার রোড শাখা, রাজশাহীর অনুকূলে প্রদানকৃত সোনালী ব্যাংক সোনালী সেবার রশিদ (সংশ্লিষ্ট শাখার অফিসারের নামযুক্ত সীল ও স্বাক্ষরসহ) এবং প্রতিষ্ঠান প্রতি বাংলাদেশ স্কাউটস্ রাজশাহী অঞ্চলের মেম্বারশীপ ফি (বিশ্বস্কাউটস সংস্থার) ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা প্রদানের মূল রশিদ হিসাব আয় শাখায় জমা করে স্বাক্ষরিত কপি মাধ্যমিক নিবন্ধন শাখায় জমার তারিখ নির্ধারণ করা হলো।

**২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নামের তালিকা ও সোনালী সেবার টাকার রশিদ জমাদানের তারিখ নিম্নরূপ**

| ক্রমিক নং | জেলার নাম | সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ | বিলম্ব ফি সহ সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শেষ তারিখ | সোনালী সেবার টাকার রশিদ এবং শিক্ষার্থীদের তালিকা জমার তারিখ | অনলাইনে নিবন্ধনের তারিখ | হার্ডকপি জমার তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ০১. | বগুড়া | ১২/০৪/২০২০ সকল জেলার জন্য প্রযোজ্য | ২৬/০৪/২০২০ সকল জেলার জন্য প্রযোজ্য | ১০/০৫/২০২০ | ০১/০৬/২০২০ হতে ৩১/০৭/২০২০ সকল জেলার জন্য প্রযোজ্য | ০৯/০৮/২০২০ |
| ০২. | জয়পুরহাট নওগাঁ | | | ১১/০৫/২০২০ | | ১০/০৮/২০২০ |
| ০৩. | সিরাজগঞ্জ | | | ১২/০৫/২০২০ | | ১২/০৮/২০২০ |
| ০৪. | পাবনা | | | ১৩/০৫/২০২০ | | ১৩/০৮/২০২০ |
| ০৫. | রাজশাহী | | | ১৪/০৫/২০২০ | | ১৬/০৮/২০২০ |
| ০৬. | চাঁপাইনবাবগঞ্জ নাটোর | | | ১৭/০৫/২০২০ | | ১৭/০৮/২০২০ |

অন-লাইনে নিবন্ধন করার ক্ষেত্রে পূর্বের পাসওয়ার্ড বহাল থাকবে। রেজিস্ট্রেশন সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে সহায়তার জন্য ০১৭১১-৩৪৮১১২, ০১৭২০-৪৬৬৫৭৪, এবং ০১৭১৩-৪৫৩৩৭২ নম্বর সমূহে যোগাযোগ করা যেতে পারে।

### দৃষ্টি আর্কষণ:

- ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য নয়। সোনালী ব্যাংক এর **সোনালী সেবার মাধ্যমে জমাকৃত টাকার রশিদ** ছাড়া অন্য কোন ব্যাংকের টিটি/মানি রশিদ/কস্টমেমো গ্রহণ করা হবে না।
- উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের তালিকা কম্পিউটারে (বাংলা ও ইংরেজিতে) কম্পোজ করে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে কম্পিউটারাইজড ফরওয়ার্ডিং এর মাধ্যমে দাখিল করতে হবে। ফরওয়ার্ডিংএ বিদ্যালয়ের নাম, বিদ্যালয় কোড, ডাকঘর, থানা/উপজেলা, জেলা, EIIN নম্বর, টেলিফোন/মোবাইল নম্বর, E-mail Address অবশ্যই উল্লেখ থাকতে হবে। হাতের লেখা ফরওয়ার্ডিং গ্রহণ করা হবে না। নিবন্ধন সংক্রান্ত কাজে বিদ্যালয় কর্তৃপক্ষের কোন অবেহেলার কারণে সৃষ্ট জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না। প্রতিষ্ঠান প্রধানই সম্পূর্নরূপে দায়ী থাকবেন। তাই নিবন্ধন সংক্রান্ত কাজে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

**টাকা জমা করার বিবরণী ঃ**

১) হার্ড কপির ফটোকপি সহ টাকা জমার রশিদ ও ১ কপি ছক, হিসাব শাখায় জমা দিতে হবে ।
২) মূল হার্ডকপি সহ টাকা জমার রশিদ ও ১ কপি ছক, নিবন্ধন শাখায় জমা দিতে হবে ।
৩) সম্ভাব্য তালিকায় ছাত্র/ছাত্রীর নাম ও জন্মনিবন্ধন নম্বর এবং পিতা ও মাতার নামের সাথে তাদের জাতীয় পরিচয়পত্রের নম্বর থাকতে হবে।

# নির্দেশাবলী

১। **ভর্তির যোগ্যতা ঃ ৯ম শ্রেণি**

(ক) দেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড এর অধীনে অনুষ্ঠিত **২০১৭,২০১৮,২০১৯** সালের জে.এস.সি/ জেডিসি/কারিগরি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা রাজশাহী শিক্ষা বোর্ডের মাধ্যমিক পর্যায়ের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে যে কোন শাখায় ৯ম শ্রেণির ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

(খ) ২০২২ সালে এস.এস.সি পরীক্ষার্থীদের বয়স ১ জানুয়ারী ২০২২ তে ১৪ (চৌদ্দ) বছরের উর্দ্ধে এবং ২০ (বিশ) বছরের নিচে হতে হবে।
( জে.এস.সি/ জেডিসি/কারিগরি তথ্য অনুযায়ী ২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিবন্ধন সম্পন্ন করতে হবে)।

(গ) জে.এস.সি/ জেডিসি/কারিগরি পরীক্ষায় অনুত্তীর্ণ কোন শিক্ষার্থী ৯ম শ্রেণিতে ভর্তির সুযোগ পাবে না।

(ঘ) ২৮/০২/২০২০ তারিখের মধ্যে ভর্তির সকল কার্যক্রম শেষ করতে হবে।

(ঙ) **২০১৭,২০১৮,২০১৯** সালের জে.এস.সি/ জেডিসি/কারিগরি পরীক্ষায় পাশ করা শিক্ষার্থীদের বয়স ১২ বৎসরের উর্দ্ধে এবং ১৮ বৎসরের কম সীমার মধ্যে থাকলে প্রয়োজনে শিক্ষা বিরতির সনদসহ ৯ম শ্রেণিতে ভর্তি হয়ে নিবন্ধন করতে পারবে।

(চ) নিজ নাম, পিতার নাম ও মাতার নাম,বয়স জে.এস.সি/ জেডিসি/কারিগরি বোর্ডের রেজিষ্ট্রেশন সংশোধন সাপেক্ষে ৯ম শ্রেণীর রেজিষ্ট্রেশন কার্ড সংশোধন করা যাবে।

২। **বিদ্যালয় পরিবর্তন ঃ**

(ক) ৯ম শ্রেণীতে নিবন্ধন কার্যক্রম শেষ হওয়ার পর থেকে ৩০শে অক্টোবর ২০২০ এবং ১০ম শ্রেণীতে ১ জানুয়ারী হতে ৩০শে অক্টোবর ২০২১ এর মধ্যে এ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(খ) তবে শুধুমাত্র সরকারি/আধা-সরকারি/স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীজীবী পিতা বা মাতার বদলীজনিত কারণে কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করতে বা ভর্তি করতে বোর্ডের পূর্বানুমতি নেয়ার প্রয়োজন হবে না। এরূপ ক্ষেত্রে বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীর বদলীর আদেশপত্র প্রদর্শন করে প্রতিষ্ঠান হতে ছাড়পত্র নেয়া যাবে এবং নতুন কর্মস্থলে যোগদানপত্র দেখিয়ে সংশ্লিষ্ট চাকুরীজীবীর সন্তানকে বদলীকৃত কর্মস্থলে উপযুক্ত কোন প্রতিষ্ঠানে ভর্তি করা যাবে।

৩। **৯ম শ্রেণীর শিক্ষার্থীদের নিকট থেকে বোর্ডে জমা দেয়ার লক্ষ্যে নিম্নের ছকে বর্ণিত অনুমোদিত ফি গ্রহণ করতে হবে।**

| ক্রমিক নং | বিবরণ | পরিমান | |
|---|---|---|---|
| ০১. | রেজিষ্ট্রেশন ফি | ১০০/- | বিজ্ঞান ,মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা ২১৫/-টাকা |
| ০২. | বিজ্ঞান ও প্রযুক্তি ফি | ১০/- | |
| ০৩. | ক্রীড়া ফি | ৫০/- | |
| ০৪. | স্কাউটস্/গার্ল গাইডস ফি | ১৫/- | |
| ০৫. | জাতীয় অন্ধ কল্যাণ ফি | ৫/- | |
| ০৬. | যুব রেড ক্রিসেন্ট ফি | ২০/- | |
| ০৭. | সাংস্কৃতিক ফি | ১০/- | |
| ০৮ | বিএনসিসি ক্যাডেট প্রশিক্ষণ ও কল্যাণ ফি | ৫/- | |
| ০৯. | বিলম্ব ফি | ৫০/- | |
| ১০. | বিদ্যালয় ক্রীড়া মঞ্জুরী ফি (প্রতিষ্ঠান প্রতি) | ৩০০/- | |

৪। শিক্ষার্থীদের নিকট হতে স্কাউটস/গার্ল গাইডস ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে ১৫/- টাকা বোর্ডে প্রদান করতে হবে এবং বিদ্যালয়ের আদায়কৃত অংশ ২৬/-(ছাব্বিশ) টাকা শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শাখা-১১(মাধ্যমিক-২) বাংলাদেশ সচিবালয় ঢাকা এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬,০৭৬.১২.৩৯৬ তারিখ: ২১/০৫/২০১৭ মোতাবেক জারীকৃত পরিপত্রের আলোকে ব্যয় করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য ঃ**

(ক) নিবন্ধন কাজে নির্ধারিত তারিখে জমা এবং গ্রহণ সম্পন্ন করতে ব্যর্থ হলে শিক্ষা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠান সমূহকে প্রতিদিন ১০০/-(এক শত) টাকা হারে ০৭ (সাত) দিন এবং পরবর্তী সময়ের জন্য সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকা জরিমানা প্রদান করতে হবে।

(খ) **www.rajshahieducationboard.gov.bd** ওয়েব সাইটের অন্যান্য ই-সেবা হতে সোনালী সেবা ক্লিক করলে সোনালী সেবা ফর্ম পাওয়া যাবে। উক্ত ফর্মে **Registration (eSIF)**/ নিবন্ধন ফিস সিলেক্ট করার পর সম্পূর্ণ ফর্মটি পূরণ করে **NEXT** -এ ক্লিক করতে হবে। **NEXT** -এ ক্লিক করার পর ব্যাংকে টাকা জমা দানের রশিদ পাওয়া যাবে। সেই রশিদ প্রিন্ট করে প্রিন্ট কপিসহ ব্যাংক-এ টাকা জমা দিতে হবে।

**(Any Information For S.S.C Reg.To browse www.rajshahieducationboard.gov.bd/ রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা)**

৫। যে সকল প্রতিষ্ঠান মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি পেয়েছে কিন্তু অনলাইন নিবন্ধনের কাজ করার জন্য পাসওয়ার্ড পায়নি তাদেরকে Bangladesh Bureau Of Educational Information and Statistics (BANBEIS) (Education Ministry Sonargaon Road. Palashi-Nilkhet,Dhaka-1205) কর্তৃক প্রদত্ত EIIN (নম্বর) এর কাগজ এবং পাঠদান/একাডেমিক স্বীকৃতির চিঠি সহ নিজ প্রতিষ্ঠানের প্যাডে নতুন পাসওয়ার্ড প্রাপ্তির জন্য সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ১,৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা জমা দিয়ে বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন করতে হবে এবং আবেদনপত্রটি মাধ্যমিক নিবন্ধন শাখায় জমা দিতে হবে।

১৭/০৩/2020

প্রফেসর দেবাশীষ রঞ্জন রায় (৮৬০১)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
ফোন : ০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

প্রাপক : রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতি প্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয় এবং স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণ

স্মারক নম্বর- ১-বিনি/৬/২/(৩য়খন্ড)/১৬৫ তারিখ: ১৯/০৩/২০২০

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল :**

১। সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/উপ-পরিচালক(হিঃ ও নিঃ)/সিনিয়র সিস্টেম এনালিস্ট/প্রধান মূল্যায়ন অফিসার/দায়িত্ব প্রাপ্ত শাখা কর্মকর্তা, পত্রগ্রহণ শাখা/ সংস্থাপন শাখা/বৃত্তি ও সিলেবাস শাখা/ নিরাপত্তা অফিসার, রাজশাহী শিক্ষা বোর্ড।
২। পিএস টু চেয়ারম্যান, রাজশাহী শিক্ষা বোর্ড।
৩। ম্যানেজার, সোনালী ব্যাংক, গ্রেটার রোড শাখা, লক্ষীপুর, রাজশাহী।
৪। বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চল, নওদাপাড়া, রাজশাহী।

উপ-বিদ্যালয় পরিদর্শক(রেজিঃ)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী